গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

ডিসেম্বর, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রৌনক জাহান
ভারপ্রাপ্ত সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ ও সময় : ১৫ জানুয়ারি ২০১৯, বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ
সভার উপস্থিতি : পরিশিষ্ট ক দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নভেম্বর ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোনো সংশোধনী না থাকায় নভেম্বর, ২০১৮ মাসের কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনার শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. অনিষ্পন্ন বিষয়	অনুবিভাগ প্রধানগণ স্ব স্ব অনুবিভাগে মাসে একবার সভা করে অনিষ্পন্ন পত্র নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণপূর্বক নির্ধারিত ছক মোতাবেক তালিকা সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।	বিএমইটি হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী মন্ত্রণালয়ের কাছে পেন্ডিং-১১টি। দপ্তর সংস্থার প্রশাসন অধিশাখায় উক্ত পেন্ডিং তালিকা প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হয়েছে। যুগ্মসচিব, দপ্তর ও সংস্থার প্রশাসন জানান, অনিষ্পন্ন পত্রাদির অধিকাংশই হল বিএমইটির সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্ব খাতে আত্মীকরণ বিষয়ক। ইতোমধ্যে এ সংক্রান্ত মামলার রায় অনুযায়ী কর্মরত ১৭৪১ জনের মধ্যে ১১৩৮ জনকে রাজস্ব খাতে আত্মীকরণ করা হয়েছে। পর্যায়ক্রমে এ ধরনের সকল অনিষ্পন্ন পত্র নিষ্পন্ন করা সম্ভব হবে।	অনুবিভাগ প্রধানগণ স্ব স্ব অনুবিভাগে মাসে একবার সভা করে অনিষ্পন্ন পত্র নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণপূর্বক নির্ধারিত ছক মোতাবেক তালিকা সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।	অনুবিভাগ প্রধানগণ (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা(সকল)
২. শাখা পরিদর্শন	-----------------	২. সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর নির্দেশনা নং ১৯৩ মোতাবেক প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতি দুই মাসে একবার, উপসচিব প্রতি চার মাসে একবার, যুগ্মসচিব অথবা সচিব পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ যুক্তিসঙ্গত সময় অন্তর অন্তর শাখা পরিদর্শন করবেন মর্মে নির্দেশনা রয়েছে।	শাখায় অনিষ্পন্ন পত্র সংখ্যা, সকল রেজিষ্টার, নথি ব্যবস্থাপনা ও শ্রেণি বিন্যাস সহ সচিবালয় নির্দেশমালা ২০১৪ এ বর্ণিত চেকলিস্ট অনুসরণপূর্বক শাখা পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে।	২. সকল কর্মকর্তা (মন্ত্রণালয়)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.অডিট আপত্তি	৩. দ্রুত নিষ্পত্তিযোগ্য অডিট আপত্তির তালিকা প্রস্তুতপূর্বক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৩. মন্ত্রণালয়ের রাজস্ব খাতে ২০টি অডিট আপত্তির মধ্যে ১৫টি নিষ্পন্ন ও ৫টি অনিষ্পন্ন আছে। সম্প্রতি মন্ত্রণালয়ের ২০১৪-১৫ ও ২০১৬-১৭ অর্থ বছরের অডিট সম্পাদিত হয়েছে। ২৬টি অডিট আপত্তি পাওয়া গেছে। সকল অডিট আপত্তির জবাব প্রস্তুত করা হচ্ছে এবং শীঘ্রই একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হবে। দক্ষতা উন্নয়ন তহবিলের ১০টি আপত্তির মধ্যে ৪টি নিষ্পন্ন এবং বাকী ৬টি নিষ্পত্তির লক্ষ্যে প্রক্রিয়াধীন আছে। **বিএমইটি:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ডিসেম্বর ২০১৮ মাস পর্যন্ত ২৩৮টি অডিট আপত্তির মধ্যে ১৪৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন ৯৫টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দূতাবাস অডিট অধিদপ্তরের সাথে আরও একটি দ্বিপক্ষীয় সভা আয়োজন করা হবে। অডিট আপত্তি নিষ্পত্তির হার ৬০.০৮%। **ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৬৬ টি অডিট আপত্তির মধ্যে ৫৫টি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১১টি আপত্তির বিষয়ে ২৭/১১/২০১৭ ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রয়েছে। **বোয়েসেলঃ** ১১টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রস্তুতের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।	৩. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	৩. বাজেট ও অডিট অধিশাখা ও দপ্তর/সংস্থা (সকল)
৪. **মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং**	স্কুল প্রতিষ্ঠার বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে এবং বরাদ্দকৃত অর্থ কিভাবে ব্যয় করা হচ্ছে সে সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহপূর্বক উপস্থাপন করতে হবে।	সৌদি আরবের দাম্মামে বাংলা স্কুলের জমি ক্রয় ও ভবন নির্মাণে দূতাবাস কর্তৃক প্রেরিত ১৩.৮৬ কোটি টাকার প্রাক্কলন বোর্ড সভায় অনুমোদন দেয়া হয় এবং সে অনুযায়ী অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। জমি ক্রয়ের পর ভবন নির্মাণের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া হবে। এছাড়া বাহরাইনেও বোর্ডের অর্থায়নে স্কুল নির্মাণের জন্য নীতিগত সিদ্ধান্ত রয়েছে। ২০১৮ সালে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে স্কুল নির্মাণের সম্ভাব্যতা সরেজমিনে যাচাইয়ের জন্য একটি টিম প্রেরণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার সংক্ষেপ প্রেরণ	১. স্কুল প্রতিষ্ঠার বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে । ২. সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে স্কুল নির্মাণের সম্ভাব্যতা সরেজমিনে যাচাইয়ের উদ্দেশ্যে লক্ষ্যে একটি টিম প্রেরণের লক্ষ্যে পুনরায় উদ্যোগ নিতে হবে।	পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রশাসন শাখা

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		করা হয়েছিল যা অনুমোদিত হয়নি। সাম্প্রতিক প্রেক্ষাপটে Feasibility Study Team এর সফরের যৌক্তিকতা উল্লেখপূর্বক পুনরায় সারসংক্ষেপ প্রেরণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।		
৫. ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	১) বীমা সংক্রান্ত নীতিমালাটি দ্রুততম সময়ে প্রকাশের লক্ষ্যে IDRA এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। এ ব্যাপারে কল্যাণ অধিশাখাকে সংযুক্ত করতে হবে।	১) IDRA কর্তৃক প্রস্তুতকৃত প্রবাসী কর্মী বীমা নীতিমালা এবং বীমা পরিকল্প এর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে গত ২৩/১২/১৮ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভাপতি বলেন বীমা নীতিমালা ও বীমা পরিকল্পটি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সাথে পৃথকভাবে সভা করে, প্রয়োজনে একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণপূর্বক চূড়ান্ত করা প্রয়োজন।	১) খসড়া বীমা নীতিমালা ও বীমা পরিকল্পের বিষয়ে পৃথক সভা/ কর্মশালা আয়োজনপূর্বক চূড়ান্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ করতে হবে।	১। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও অভিবাসী কল্যাণ অনুবিভাগ
	২) নতুন রিক্রুটিং লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের জেলাওয়ারী তালিকা সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	২) নতুন রিক্রুটিং লাইসেন্সপ্রাপ্ত ১২৭টি প্রতিষ্ঠানসমূহের জেলাওয়ারী তালিকা বিএমইটি হতে পাওয়া গিয়েছে। তালিকা পর্যালোচনায় দেখা যায়, অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোর মধ্যে চাঁপাইনবাবগঞ্জ হতে ২টি রিক্রুটিং এজেন্ট লাইসেন্স নিয়েছে। বাকি ১২৪ টি ঢাকার ও ১টি চট্টগ্রামের।	২) **সিদ্ধান্তটি বাস্তবায়িত**	
	৩) নিরাপদ অভিবাসন সংক্রান্ত প্রচার কার্যক্রমের বর্তমান অবস্থা ও ভবিষ্যত পরিকল্পনা সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। ● প্রচারের ব্যাপারে সবাইকে সংযুক্ত রাখার ব্যাপারে প্রাইভেট ও পাবলিক সংস্থার সমন্বয়ে একটি কো-অর্ডিনেন্স সেল/কমিটি গঠন করা যেতে পারে। ● সংশ্লিষ্ট সকল দপ্তর সংস্থা, এনজিওদের	৩) নিরাপদ অভিবাসন সংক্রান্ত প্রচার কার্যক্রমের বর্তমান অবস্থা : ● এ মন্ত্রণালয় কেন্দ্রীয়ভাবে এবং জেলা ও উপজেলা পর্যায়ে র‍্যালী, আলোচনা সভা, চিত্রাঙ্কন, রচনা ও বিতর্ক প্রতিযোগিতা এবং মেলা আয়োজনের মাধ্যমে দিনব্যাপী আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০১৮ উদযাপন করেছে । ● সারা দেশে সম্প্রতি অনুষ্ঠিত ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় বিএমইটি হতে এ সংক্রান্ত ৪ লক্ষ লিফলেট বিতরণ করা হয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ৩ লক্ষ লিফলেট বিতরণ করেছে। ● অভিবাসনে পিছিয়ে পড়া জনগোষ্ঠিকে বৈদেশিক কর্মসংস্থানে উদ্বুদ্ধ করার লক্ষ্যে মন্ত্রণালয় ও সদর দপ্তরের নির্দেশনা মোতাবেক জেলা কর্মসংস্থান	৩)ক. নিরাপদ অভিবাসন বিষয়ক জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার কার্যক্রমে মানব পাচার প্রতিরোধমূলক তথ্যাদি তুলে ধরতে হবে। ৩) খ. বিএমইটির টিটিসি ও ডিইএমওগুলোতে প্রি-ডিপার্চার ট্রেনিং এ নিরাপদ অভিবাসন তথা মানব পাচার প্রতিরোধমূলক বক্তব্য উপস্থাপন করতে হবে।	৩) বিএমইটি এবং উন্নয়ন ও পরিকল্পনা অণুবিভাগ

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	সমন্বয়ে অবিলম্বে একটি ওয়ার্কশপ করতে হবে। সেখানে যে যার যার কার্যক্রম তুলে ধরবে। • প্রধান কো-অর্ডিনেটর হিসেবে বিএমইটি দায়িত্ব পালন করবে।	ও জনশক্তি অফিস এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহ এ সংক্রান্ত সভার আয়োজন করে স্টেক হোল্ডারদের সাথে জন প্রতিনিধিগণকেও সম্পৃক্ত করছেন। • BMET, TTC এবং IMT–তে বিদেশগামী কর্মীদের প্রাক-বহির্গমন প্রশিক্ষণ কোর্স পরিচালনার মাধ্যমে জনসাধারণকে বিদেশে কর্মসংস্থান সম্পর্কে অবহিত করা হচ্ছে। • এছাড়া মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার তথ্যবহুল Website রয়েছে যা ব্যবহার করে দেশের জনসাধারণ বিদেশে কর্মসংস্থান সম্পর্কিত পদ্ধতি ও যাবতীয় দিক নির্দেশনামূলক তথ্যাদির বিষয়ে সম্যক ধারনা লাভ করতে পারে। • মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত টিভিসিসমূহ এবং ILO ও IOM এর প্রস্তুতকৃত টিভিসিসমূহ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে প্রেরণ করা হয়েছে। প্রচার অব্যাহত আছে। উপসচিব (মনিটরিং) জানান,স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মানবপাচার প্রতিরোধ বিষয়ক সভায় মানব পাচার প্রতিরোধমূলক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয়কে বিশেষ অনুরোধ জানানো হয়েছে। **ভবিষ্যত পরিকল্পনা :** • নিরাপদ অভিবাসন সংক্রান্ত প্রচার কার্যক্রম আরো ফলপ্রসু করার লক্ষ্যে প্রাক বর্হিগমন প্রশিক্ষণে ‘‘প্রশিক্ষণ বুকলেট’’ আপডেট করা হচ্ছে। • বিএমইটি হতে অধীন দপ্তরসমূহের মাধ্যমে প্রচার প্রচারণার জন্য টিভিসি (TVC) প্রস্তুত করার বিষয়টি চলমান রয়েছে। • প্রাইভেট ও পাবলিক সংস্থার সমন্বয়ে একটি কো-অর্ডিনেনন্স সেল/কমিটি গঠন করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। • সংশ্লিষ্ট সকল দপ্তর, সংস্থা এবং এনজিওদের সমন্বয়ে আগামী ফেব্রুয়ারি/২০১৯খ্রিঃ মাসে ওর্য়াকশপ আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।		
	৪) এ ব্যাপারে বিএমইটি	৪) নির্দেশনা মোতাবেক উন্নয়ন		৪) বিএমইটি

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবে।	মেলায় অর্জিত সাফল্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বিএমইটি সর্বস্তরে তুলে ধরার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উন্নয়ন মেলায় অর্জিত সাফল্য উদযাপনের মধ্য দিয়ে সর্বস্তরে এ মন্ত্রণালয় ও সকল দপ্তর সংস্থার সক্রিয় ভূমিকা তুলে ধরতে হবে।	৪) ৪র্থ উন্নয়ন মেলায় এ মন্ত্রণালয় ও বিএমইটির অর্জিত সাফল্য উদযাপনের লক্ষ্যে গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	
	৫) যথাসময়ে প্রকল্প বাস্তবায়নে কর্মতৎপরতা আরো বৃদ্ধি করতে হবে এবং সকল অগ্রগতি সম্পর্কে সংসদ ও সমন্বয় শাখায় প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	৫) সভাপতি বলেন, প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার ডেমোগ্রাফিক ও ভৌগোলিক অবস্থান বিশেষভাবে বিবেচনা করতে হবে। তাছাড়া,টিটিসি নির্মাণ প্রকল্পের Feasibility Study এর synopsis মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরিচালক (প্রশিক্ষণ) বিএমইটিকে অনুরোধ জানানো হয়।	৫) টিটিসি নির্মাণ প্রকল্পের প্রাক সমীক্ষা প্রতিবেদন এ মন্ত্রণালয়ের সচিব বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।	৫) পরিচালক (প্রশিক্ষণ) বিএমইটি
৬. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং উল্লেখিত ৫১৮ টি অভিযোগ অনিষ্পন্নের কারণ সম্পর্কে জানাতে হবে এবং কোথায় কতটি অভিযোগ অনিষ্পন্ন আছে তার প্রতিবেদন প্রেরণ করতে হবে।	১) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ডিসেম্বর ২০১৮ এর জিআরএস মাসিক প্রতিবেদন অনুযায়ী এ মন্ত্রণালয় ও বিএমইটির মোট অভিযোগ ছিল ২৪২টি এবং নিষ্পত্তি হয়েছে ২২৫টি। এ মাসে অভিযোগ নিষ্পত্তির হার ৯২.৯৭%। উল্লেখ্য, ২০১৫ সাল থেকে এ যাবত অনিষ্পন্ন অভিযোগ সংখ্যা ৫৩৫টি। তন্মধ্যে কর্মসংস্থান অনুবিভাগের ৩১ টি এবং ৫০৪টি বিএমইটির। অনিষ্পন্ন অভিযোগের বিস্তারিত বিবরণ কখনও সমন্বয় শাখায় প্রেরণ করা হয় না।	১) অনিষ্পন্ন অভিযোগগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (এনফোর্সমেন্ট ও মনিটরিং), কর্মসংস্থান অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল)
	২) বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগসমূহের ধরণ ও নিষ্পত্তির তথ্যসহ প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	২) বিএমইটি'র বহির্গমন শাখায় প্রশিক্ষণ সনদ যাচাই, ফিঙ্গার প্রিন্ট Error, স্মার্ট কার্ড সংশোধন বিষয়ে ডিসেম্বর ২০১৮ মাসে মোট ১৯০টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে ১৯০টি অভিযোগই নিষ্পন্ন করা হয়েছে। শতভাগ অভিযোগ নিষ্পন্ন করায় বহির্গমন শাখা, বিএমইটিকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	২) বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগসমূহের ধরণ ও নিষ্পত্তির তথ্যসহ প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।	২। মহাপরিচালক বিএমইটি
	৩) ই-নথি সংক্রান্ত ফ্রন্ট ডেস্ক চালুকরণের প্রয়োজনীয় পদক্ষেপ	৩) মন্ত্রণালয়ের সেবা শাখা হতে ফ্রন্ট ডেস্কের জন্য ল্যাপটপ ও স্ক্যানার সরবরাহ করা হবে। উপসচিব (সংসদ ও সমন্বয়)	৩.ক) আগামী ৭ কার্যদিবসের মধ্যে ই-নথির ফ্রন্টডেস্ক চালু করতে হবে।	৩) সেবা শাখা/আইসিটিসেল

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	গ্রহণ করতে হবে।	জানান, মন্ত্রিপরিষদ বিভাগের ই-গর্ভন্যান্স শাখা হতে প্রেরিত পত্রে বলা হয়েছে, ই-নথির জন্য ব্যবহার যোগ্য সকল হার্ডওয়্যার টিওএন্ডই এর আওতামুক্ত করা হয়েছে। উক্ত পত্রের আলোকে প্রয়োজনীয় সংখ্যক হার্ডওয়্যার ক্রয় করা যেতে পারে।	৩.খ) ফ্রন্টডেস্কের জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার সরবরাহ ও নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ইন্টারনেট সংযোগ যথাক্রমে সেবা শাখা ও আইসিটি সেল হতে নিশ্চিত করতে হবে।	
	৪) প্রত্যেক কর্মকর্তাকে ই-নথিতে স্ব স্ব ড্যাশবোর্ডে প্রতিবেদনসহ সমন্বয় সভায় উপস্থিত হতে হবে।	৪) ই-নথিতে প্রাপ্ত ডাক নথিজাত করা হলে কোনো নম্বর পাওয়া যাবেনা। সুতরাং নথিতে উপস্থাপনযোগ্য ডাকগুলো নথিজাত না করে ই-নথিতে উপস্থাপনের জন্য সভাপতি সকল কর্মকর্তাকে অনুরোধ জানান।	৪) ই-নথিতে প্রাপ্ত ডাক থেকে নোট সৃজনের মাধ্যমে ই-নথি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	৪) সকল শাখা কর্মকর্তা (মন্ত্রণালয়)
	৫) কল্যাণ উইংয়ের সাথে বাকী কার্যক্রম সম্পন্ন করে রিক্রুটমেন্ট এজেন্ট লাইসেন্স ও আচরণ বিধিমালা ২০১৮ প্রণয়নের লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রস্তুতকৃত কনসেপ্ট পেপার কমিটির নিকট উপস্থাপন করতে হবে।	৫) বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর অধীনে রিক্রুটমেন্ট এজেন্ট (লাইসেন্স ও আচরণ) বিধিমালা, ২০১৮ এর খসড়া প্রস্তুত করা হয়েছে। পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য বিধিমালাটি কল্যাণ অধিশাখায় প্রেরণ করা হয়েছে।	৫) খসড়া রিক্রুটমেন্ট এজেন্ট (লাইসেন্স ও আচরণ) বিধিমালা, ২০১৮ চূড়ান্তকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	৫) কল্যাণ অধিশাখা
৭. মামলা সংক্রান্ত	৭. মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মামলার সংখ্যা, বর্তমান অবস্থা ও গৃহীত কার্যক্রম সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পাদন করার নিমিত্তে যথাসময়ে প্রতিবেদন প্রেরণ করার ব্যবস্থা করতে বলা হয়েছে।	৭. মন্ত্রণালয়ের আইন শাখার রেকর্ড পত্র হতে দেখা যায়, মোট ১০১ টি মামলার নথি আছে। তন্মধ্যে রিট মামলা-৮৩টি এবং এ.টি মামলা-১৮টি। বিএমইটির মোট অনিষ্পন্ন **মামলার সংখ্যা**-২০১টি। নিষ্পন্ন মামলা সংখ্যা ৪৪টি। বোয়েসেলের মামলার সংখ্যা-২টি। কল্যাণ বোর্ড: চাকুরী স্থায়ীকরণের জন্য চুক্তিভিত্তিক ১৬ জন অফিস সহকারী/কল্যাণ সহকারি একটি রীট মামলা করেছে। মহামান্য হাইকোর্টের রুলের জবাব প্রক্রিয়াধীন আছে।	৭. অতিরিক্ত সচিব (মনিটরিংও এনর্ফোসমেন্ট) এর নেতৃত্বে প্রতিমাসে প্যানেল আইনজীবী ও দপ্তর/সংস্থাসহ মামলা সংক্রান্ত সভা করতে হবে।	৭. অতিরিক্ত সচিব (মনিটরিংও এনর্ফোসমেন্ট)/ আইন শাখা (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা (সকল)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৮. ভিজিলেন্স টাস্কফোর্স সংক্রান্ত	এনফোর্সমেন্ট/মনিটরিং শাখার কর্মকর্তার মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের লক্ষ্যে জনপ্রশাসনে পত্র দিতে হবে এবং নতুন কোনো অগ্রগতি থাকলে তা সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে	ক) অতিরিক্ত সচিব এনফোর্সমেন্ট (মনিটরিংও এনফোর্সমেন্ট) সভায় বলেন, সম্প্রতি GCC হতে গামকাভূক্ত ৮টি মেডিকেল সেন্টারকে inactive করা হয়েছে। কিন্তু গামকা বিদেশগামী কর্মীদের এখনো সেসকল মেডিকেল সেন্টারে প্রেরণ করছে। এতে কর্মীরা প্রতারিত ও হয়রানির শিকার হচ্ছে। সভায় এ বিষয়ে বিএমইটিকে একটি বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	৮.ক) ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযানের প্রতিবেদন নিয়মিত সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। ৮.খ) গামকাভূক্ত কোনো মেডিকেল সেন্টার inactive হয়ে থাকলে তার তালিকা এবং এসব মেডিকেল সেন্টারে হয়রানির শিকার কর্মীর তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মনিটরিং ও এনফোর্সমেন্ট শাখা এবং বিএমইটি
৯. ইনোভেশন কমিটির কার্যক্রম	১) উদ্ভাবনী সম্মেলনে এ মন্ত্রণালয়ের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। ২) ডিজিটাল সার্ভিস রোডম্যাপ ২০২১ শীর্ষক কর্মশালায় গৃহীত কর্মপরিকল্পনাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। ২০১৯ সালের জানুয়ারি ২০-২৫ তারিখের মধ্যে নির্ধারিত ওয়ার্কশপ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	১) ইনোভেশন কমিটির কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। ডিজিটাল সার্ভিস রোডম্যাপ ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়, বিএমইটি ও বোয়েসেলের ৪টি সেবার ডিজিটাল সফটওয়্যার প্রস্তুত করতে হবে। সে লক্ষ্যে দ্রুততম সময়ে এটুআই এর সহযোগিতায় ৬দিন মেয়াদি একটি কর্মশালা আয়োজন করতে হবে। উক্ত কর্মশালার যাবতীয় ব্যয় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা হতে নির্বাহ করতে হবে।	ডিজিটাল সার্ভিস ডিজাইন ও পরিকল্পনা ল্যাব কর্মশালা আয়োজন বিষয়ে সুস্পষ্ট প্রস্তাব উপস্থাপন করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন)/ সহকারি প্রোগ্রামার

দপ্তর/সংস্থা :

৩. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১ ব্যুরোকে অধিদপ্তরে রুপান্তর সংক্রান্ত	দ্রুততম সময়ে চাহিত তথ্যাদি প্রদানে সচেষ্ট থাকতে হবে।	এ বিষয়ে বিএমইটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখছে। বিএমইটিকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে একটি চেকলিস্ট প্রেরণ করা হয়েছে। বিএমইটি হতে এ সংক্রান্ত তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	দ্রুততম সময়ে জনপ্রশাসন হতে চাহিত তথ্যাদি সরবরাহ করতে হবে।	দপ্তর সংস্থার প্রশাসন অধিশাখা ও বিএমইটি

৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	১.ক) কল সেন্টারের মাধ্যমে চাহিত তথ্যাদি/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে। ১.খ) বাংলাদেশি কর্মীদের জন্য সাধারণ ক্ষমার মেয়াদ বাড়ানোর বিষয়ে গৃহীত পদক্ষেপের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	বোর্ড কর্তৃক পরিচালিত প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত কল নিষ্পত্তিতে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। গত ডিসেম্বর/২০১৮ মাসে প্রবাসবন্ধু কল সেন্টারে ১৪০টি কল পাওয়া যায়। এর মধ্যে ১৩০ টি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ১০টি কলের প্রাপ্ত বিষয়াদি নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড জানান, বর্তমানে দুইটি শিফটের মাধ্যমে প্রবাসবন্ধু কল সেন্টারের সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বাংলাদেশ দূতাবাস, আবুধাবী এর সাথে যোগাযোগ করে জানা যায়, ক্ষমার মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছিল। উক্ত সময়ে প্রায় ১২ হাজার কর্মী আউটপাস গ্রহণ করেছে।প্রায় ৪৫ হাজার অবৈধ কর্মী বৈধ হওয়ার সুযোগ পেয়েছে।	কল সেন্টারের মাধ্যমে চাহিত তথ্যাদি/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে।	মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

৫. বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১ বোয়েসেলের কার্যক্রম	বিভিন্ন জেলায় ইন্টারভিউ বোর্ডসহ উপস্থিত হয়ে জর্ডানে গমনেচ্ছু কর্মী নির্বাচন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট টিটিসিগুলো প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।	সভায় বোয়েসেল এর চলমান কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নতুন শ্রমবাজার অনুসন্ধানে তৎপরতা ও বিদেশে কর্মী প্রেরণের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক বোয়েসেল

৬.প্রবাসী কল্যাণ ব্যাংক

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬.১ প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম	প্রবাসী কল্যাণ ব্যাংকের বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংশোধন করে জনবল বৃদ্ধির লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	বর্তমানে ব্যাংকটির বাণিজ্যিক কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে বিদ্যমান সাংগঠনিক কাঠামো সংশোধন করে জনবল বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া শাখাগুলোর ভল্ট ব্যবস্থাপনা জোরদার করা হচ্ছে।	প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

৭. বিবিধ :

৭.১ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনে এ মন্ত্রণালয়ের কার্যক্রম একটি ছক আকারে উপস্থাপন করা হলো:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (গবেষণা ও নীতি)	স্টিয়ারিং কমিটি ১ম সভা আয়োজনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	জাতীয় স্টিয়ারিং কমিটির ১ম সভা আয়োজনের লক্ষ্যে গত ১০/১/১৯ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে আরো একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দ্রুততম সময়ের মধ্যে অভিবাসন বিষয়ক ফোরামের সভা আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অভিবাসন বিষয়ক ফোরামের সভার পর স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা হবে।	স্টিয়ারিং কমিটি ১ম সভা আয়োজনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	যুগ্মসচিব (গবেষণা ও নীতি)
IPoA ও SDG **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	IPoA ও SDG সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)
আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান তথ্য প্রদানকারী কর্মকর্তা রুমানা রহমান শম্পা, উপসচিব	এ ব্যাপারে প্রশাসন শাখাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলা হয়েছে।	এ মন্ত্রণালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে রুমানা রহমান শম্পা, উপসচিব-কে মনোনয়ন প্রদান করে তথ্য কমিশনে অবহিত করা হয়েছে।	তথ্য অবহিতকরণ নির্দেশিকা এর আলোকে এ মন্ত্রণালয়ের তথ্য প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করতে হবে।	তথ্য প্রদানকারী কর্মকর্তা রুমানা রহমান শম্পা, উপসচিব
নারী ও শিশু উন্নয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কল্যাণ অধিশাখা)	অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।	নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে স্থাপিত অভিযোগ বক্সটি প্রতি সপ্তাহে নিয়মিতভাবে খোলা হয়। অভিযোগ পাওয়া গেলে এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ হবে।	অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।	উপসচিব (কল্যাণ অধিশাখা)
কলম্বো প্রসেস **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (মিশন অধিশাখা)	কলম্বো প্রসেসের আসন্ন সভায় সক্রিয় ভূমিকা পালন করতে হবে।	গত ৫-১১-২০১৮ তারিখে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কলম্বো প্রসেসের Sixth Meeting of Thematic Area Working Group সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ সভাপতিত্ব করে। গত ১৫-১১-২০১৮ তারিখে কাঠমুন্ডু, নেপালে কলম্বো প্রসেসের Senior Officials Meeting (SOM)	কলম্বো প্রসেসে এ মন্ত্রণালয়ে যথাযথ ভূমিকা নিশ্চিত করতে হবে।	যুগ্মসচিব (মিশন অধিশাখা)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে ০২ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ১৬-১১-২০১৮ তারিখে নেপালের কাঠমুন্ডুতে কলম্বো প্রসেসের মন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে।		
আবুধাবী ডায়ালগ **ফোকাল পয়েন্ট:** উপপ্রধান (পরিকল্পনা)	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	আবুধাবী ডায়ালগের বিষয়ে কার্যক্রম চলমান আছে। আগামী ১০-১২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে এ ফোরামে মন্ত্রী পর্যায়ে সভা অনুষ্ঠিত হবে।	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	উপপ্রধান (পরিকল্পনা)
NSSS **ফোকাল পয়েন্ট :** অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ) বিকল্প: উপসচিব (কল্যাণ)	NSSS বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় সামাজিক নিরাপত্তা বাস্তবায়ন সংক্রান্ত কর্ম পরিকল্পনার মোড়ক উন্মোচন অনুষ্ঠান, সামাজিক নিরাপত্তা সম্মেলন ও মেলার আয়োজন করা হয়েছে। উক্ত মেলায় এ মন্ত্রণালয়ের স্বতস্ফূর্ত অংশগ্রহণ সর্ব মহলে প্রশংসিত হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা NSSS সভাকে জানান, NSSS এর আওতায় এ মন্ত্রণালয় হতে কিছু প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। যেমন: নারী কর্মীদের জন্য সাপোর্ট সেন্টার তৈরী ইত্যাদি। এ বিষয়ে সভাপতি উন্নয়ন ও পরিকল্পনা উইং এর দৃষ্টি আকর্ষণ করেন।	NSSS এর বিষয়ে প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা উইং এ প্রেরণ করতে হবে।	১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ২)যুগ্ম সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) ৩) উপসচিব (কল্যাণ)
Budapest Process **ফোকাল পয়েন্ট:** জনাব আরিফ আহমেদ উপসচিব	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	২০১৮ সালে অনুষ্ঠিতব্য Global Compact বাস্তবায়নে বুদাপেস্ট প্রসেসসহ সকল আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামসমূহ কাজ করছে। বুদাপেস্ট প্রসেসে বাংলাদেশ অবজারভার দেশ হিসেবে অংশগ্রহণ করে থাকে। গত ৯ থেকে ১৩ ডিসেম্বর সময়ে বুদাপেস্ট প্রসেসের আওতায় দুটি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছিল। উক্ত প্রশিক্ষণে এ মন্ত্রণালয়ের ১০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	জনাব আরিফ আহমেদ উপসচিব
GFMD **ফোকাল পয়েন্ট:** জনাব মোঃ শাহীন উপসচিব	GCM ও GFMD এর ২৩ টি উদ্দেশ্যের মধ্যে অধিকাংশই এ	মরোক্কোর মারাকাসে গত ৫-৭ ডিসেম্বর, ২০১৮ সময়ে GFMD এবং ১০-১১ ডিসেম্বর, ২০১৮ সময়ে GCM এর সম্মেলন অনুষ্ঠিত হয়।	GCM ও GFMD এর ২৩ টি উদ্দেশ্যের মধ্যে মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের	জনাব মোঃ শাহীন উপসচিব

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত। সেই আলোকে এর যে সকল উদ্দেশ্য সমূহ আমাদের সাথে সম্পৃক্ত সেগুলো বাস্তবায়নের জন্য আন্তঃমন্ত্রণালয় সভা সহ প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।	সেখানে পররাষ্ট্র সচিবের নেতৃত্বে এ মন্ত্রণালয়ের সচিব এবং অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) যোগদান করেছিলেন। বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী প্রথমবারের মত ২০১৬ সালে UN-এ আন্তর্জাতিক ভাবে সকল দেশের জন্য Global Compact এর প্রস্তাব করেন এবং এটি বিশ্বব্যাপী প্রসংশিত এবং গৃহীত হয়। বেশ কয়েক পর্যায়ে আন্তর্জাতিক ভাবে আলোচনার পর ২৩টি উদ্দেশ্যকে সামনে রেখে GCM কাজ করছে। এ পর্যায়ে মন্ত্রণালয়কে সেই সকল উদ্দেশ্যকে সামনে রেখে কাজ করতে হবে।	জন্য আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজনসহ প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।	
Global Compact ফোকাল পয়েন্ট অতিরিক্ত সচিব (অভিবাসী কল্যাণ অনুবিভাগ)	Global Compact সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ফোকাল পয়েন্ট কর্মকর্তা যথাযথ ব্যবস্থা নিবেন এর আলোকে একটি Action Plan তৈরী করতে হবে।	গত ১০-১১ ডিসেম্বর ২০১৮ তারিখে মরক্কোর মারাকেশ শহরে অনুষ্ঠিতব্য Inter governmental Conference to adopt the Global Compact for Safe, Orderly and Regular Migration সম্মেলনে মন্ত্রণালয়ের সচিব ও অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) অংশগ্রহণ করেন।	Global Compact সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে একটি Action Plan তৈরী করতে হবে।	অতিরিক্ত সচিব (অভিবাসী কল্যাণ অনুবিভাগ)
সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (সুনীল অর্থনীতি) ফোকাল পয়েন্ট: উপসচিব (প্রশিক্ষণ)	সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (সুনীল অর্থনীতি) বিষয়ে এ মন্ত্রণালয়ের কার্যক্রমে মিশন অধিশাখাকে সম্পৃক্ত রাখতে হবে।	থাইল্যান্ড বাংলাদেশ হতে দক্ষ মৎস্য কর্মী নেয়ার আগ্রহ প্রকাশ করেছে। এ মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে গত ২৬ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে এ বিষয়ে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বিএমইটির অধীন আইএমটিসমূহে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছিল। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সুপারিশক্রমে উক্ত কর্মপরিকল্পনাকে ১০ বছর মেয়াদী করে প্রস্তুত করা হচ্ছে। তাছাড়া থাইল্যান্ডে বাংলাদেশ হতে দক্ষ মৎস্য কর্মী প্রেরণের লক্ষ্যে নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করার ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের	সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা (সুনীল অর্থনীতি) বিষয়ে এ মন্ত্রণালয়ের কার্যক্রমে মিশন অধিশাখাকে সম্পৃক্ত রাখতে হবে।	১) যুগ্মসচিব (মিশন) ২) উপসচিব (প্রশিক্ষণ)

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		মিশন অধিশাখাকে সম্পৃক্ত রাখার বিষয়েও গুরুত্বারোপ করা হয়। তবে থাইল্যান্ডে রাজনৈতিক পট পরিবর্তন হওয়ার প্রেক্ষিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।		

পরিশেষে সভাপতি বলেন, অভিবাসন ব্যবস্থায় সুশাসন প্রতিষ্ঠার কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা বাস্তবায়নে সকলকে আরো দায়িত্বশীল ও মনোযোগী হতে হবে। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
২১/১/১৯
(রৌনক জাহান)
ভারপ্রাপ্ত সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়